

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহানগর দায়রা জজ এবং
পদাধিকারবলে

মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনারা আসামীগণ জনাব মোঃ জিয়াউর রহমান ওরফে মোঃ কাজী রাকিবুল আহমেদ ওরফে মোঃ বাবুল, জনাব মোঃ ওমর ফারুক মিল্লাত-দের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনারা পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাদেরকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাদেরকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাদেরকে আগামী ২৮-০৬-১৫ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনাদের অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীদের নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
(১)	জনাব মোঃ জিয়াউর রহমান ওরফে মোঃ কাজী রাকিবুল আহমেদ ওরফে মোঃ বাবুল (২৭), পিতা-মৃত এছাহাক তালুকদার, গ্রাম-শীরকাটা তালুকদার বাড়ী, থানা ও জেলা-মাদারীপুর।	মেট্রোঃ বিশেষ মামলা নং ৪২/১৫, (পল্টন (ডিএমপি) থানার মামলা নং ২০, তারিখ ১০-০৯-২০১২ খ্রিঃ), ধারাঃ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ৪ ধারা এবং মানিলভারিং প্রতিরোধ আইন ২০১২ এর ৪ ধারা, দণ্ডবিধির ৪০৬/৪২০/৪৬৮/৪৭১/১০৯ ধারা। সহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।

(৪৪৭৯)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	পলাতক আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
(২)	জনাব মোঃ ওমর ফারুক মিল্লাত (২৩), সাবেক সেলস এক্সিকিউটিভ, ব্র্যাক ব্যাংক লিঃ, ঢাকা, বর্তমানে এক্সিকিউটিভ, স্ট্যান্ডার্ড চার্টার্ড সেলস টিম কনকয়েস্ট, ঢাকা, পিতা-আব্দুর রব ঢালী, গ্রাম ও পোঃ-নন্দী গ্রাম (আব্দুর রব ঢালীর বাড়ী), থানা ও জেলা-লক্ষীপুর।	মেট্রোঃ বিশেষ মামলা নং ৪২/১৫, (পল্টন (ডিএমপি) থানার মামলা নং ২০, তারিখ ১০-০৯-২০১২ খ্রিঃ), ধারাঃ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ৪ ধারা এবং মানিলভারিং প্রতিরোধ আইন ২০১২ এর ৪ ধারা, দণ্ডবিধির ৪০৬/৪২০/৪৬৮/৪৭১/১০৯ ধারা। সহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।

মোঃ কামরুল হোসেন মোল্লা

মহানগর দায়রা জজ এবং

পদাধিকারবলে

মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd